



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী  
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

শানিবি সার্কুলার নং- ০৪/২০১৫

তারিখ : ১২ নভেম্বর, ২০১৫

সকল জোনাল ব্যবস্থাপক  
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকদের মাধ্যমে)  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : শাখা/অফিস ভবন ভাড়া চুক্তি সম্পাদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে শাখা হতে প্রেরিত ভবন ভাড়া নবায়ন ও স্থানান্তর প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়, প্রস্তাবগুলি সঠিক ভাবে যাচাই-বাছাই করে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বোর্ড সভায় উপস্থাপন করা হয়। পরিচালনা পর্ষদের ৪৩৩তম সভায় ভবন ভাড়া বৃদ্ধির হার, চুক্তির মেয়াদউত্তীর্ণকাল, ফ্লোর স্পেস নিয়ে আলোচনা করা হয়। ভবন ভাড়া নিয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অনেক সময় বিব্রতকর অবস্থায় পড়তে হয়। এমতাবস্থায় ভবন ভাড়ার প্রস্তাব প্রেরণকালে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো :

- (ক) ভবন ভাড়া চুক্তির মেয়াদ পূর্তির ০৬ (ছয়) মাস পূর্বে ভবন মালিকের সাথে পরবর্তী মেয়াদের চুক্তি সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে হবে। আলোচনায় কোন অসংগতি অর্থাৎ ভাড়া বৃদ্ধির হার বেশী মনে হলে অন্যত্র ভবন স্থানান্তরের বিষয়টি আমলে নিতে হবে। চুক্তির মেয়াদ শেষ হওয়ার ন্যূনতম ২মাস পূর্বে ভবন ভাড়ার প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র কার্যালয়ে পাঠাতে হবে।
- (খ) রাকাবের ৩৭৭টি (বর্তমানে) শাখার মধ্যে ৩০৮টি শাখাই গ্রামীণ শাখা। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের শাখার ক্ষেত্রে ২০০০ বর্গফুট এবং জেলা শহরের শাখাসমূহে ৫০০০ বর্গফুটের অধিক ফ্লোর স্পেস ব্যবহার করা যাবে না। সে ক্ষেত্রে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের শাখাসমূহের ক্ষেত্রে কোন ক্রমেই ২০০০ বর্গফুটের অধিক স্পেস নেওয়া যাবে না। বিশেষ করে ইউনিয়ন পর্যায়ে শাখাসমূহের ক্ষেত্রে ২০০০ বর্গফুটের কম স্পেস নিতে হবে। ব্যাংক ব্যবস্থাপনা ইউনিয়ন পর্যায়ের শাখার জন্য ২০০০ বর্গফুট ব্যবহারযোগ্য স্পেস দরকার নেই মর্মে অভিমত ব্যক্ত করেছেন। কাজেই ভবন ভাড়া গ্রহণের ক্ষেত্রে অব্যবহারযোগ্য স্পেস পরিহার করতে হবে।
- (গ) ভবন ভাড়া চুক্তির পূর্বে ভবনটি ব্যাংকের শাখা হিসেবে ব্যবহার উপযোগী কিনা অর্থাৎ শাখার সঠিক নিরাপত্তা, ক্যাশ কাউন্টার ও ভল্ট রুমের নিরাপত্তা এবং অন্যান্য নিরাপত্তার বিষয়গুলি বিবেচনায় রাখতে হবে।
- (ঘ) ব্যাংকের শাখা স্থাপনের জন্য ভবনের ২য় তলাকে অগ্রাধিকার দিতে হবে।
- (ঙ) ভবন ভাড়া বিষয়ে ভবন মালিকের সাথে দরকষাকষির মাধ্যমে ভবন ভাড়া যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করতে হবে। ভবন ভাড়া বৃদ্ধি ও নবায়ন সংক্রান্ত প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণকালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ছক পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তা প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- (চ) ভবন ভাড়া চুক্তিকালে অন্যান্য ব্যাংকের বিশেষত সরকারী ব্যাংকের ভবন ভাড়ার হারের বিষয়টি আমলে আনতে হবে। অন্যান্য ব্যাংকের ভবন ভাড়ার হারের প্রত্যাশনপত্র প্রস্তাবের সাথে প্রেরণ করতে হবে।
- (ছ) অপ্রয়োজনীয় কিংবা সঠিক ভাবে ব্যবহারযোগ্য নয় মর্মে প্রতীয়মান হলে ভবন মালিক কে ভবনের অসুবিধার কথা তুলে ধরে অন্যত্র ভবন খোঁজার বিষয়টি ব্যক্ত করতে হবে। প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সাহায্য গ্রহণ করা যেতে পারে।

চলমান পাতা-০২

(জ) সকল জোনাল কার্যালয়ে তার আওতাধীন সকল শাখা/অফিসের ভাড়ার চুক্তির মেয়াদ, ভাড়ার পরিমাণ তথ্যাদিসহ ১টি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। মেয়াদপূর্তির পূর্বেই যাতে শাখাসমূহকে প্রস্তাবের বিষয়ে নির্দেশনা দেয়া যায়।



১২.১১.২০১৫

(মোঃ মাহবুবুল আলম)

উপ-মহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/শানিবি-০৮/২০১৫-২০১৬/৪৭৯(৫২)

তারিখ : ১২ নভেম্বর, ২০১৫।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/এলপিও, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, স্বপ্নছায়া, বাড়ী নং-১৪৪, সেক্টর-২, উপশহর, হাউজিং এস্টেট, রাজশাহী।
- ১১। অফিস নথি/মহানথি।



১২.১১.২০১৫

(আব্দুল্লাহ আল মাহমুদ)

সহকারী মহাব্যবস্থাপক